13

দৈনিক বাংলা

তারিখ 08 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# মাদ্রাসা শিক্ষায় বিজ্ঞান

দেশে মাদ্রাসার শিক্ষাসূচীতে বিজ্ঞান অন্তর্ভুক্ত করার কথা ভাবা হচ্ছে। গত শনিবার বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সংসদীয় কমিটির বৈঠকে এনিয়ে আলোচনা করা হয়। আমরা সুযোগোপযোগী এ ভাবনাকে স্বাগত জানাই এবং আশা করি বিষয়টিকে দ্রুত ভাবনার স্তর থেকে বাস্তবায়নের স্তরে নিয়ে যাওয়ার উপযুক্ত ব্যবস্থা নেয়া হবে। কেননা, সকল পশ্চাৎপদতা কাটিয়ে মাদ্রাসা শিক্ষাকে সময়োপযোগী করে তোলার ক্ষেত্রে এ ব্যবস্থা কার্যকর অবদান রাখবে।

মাদ্রাসায় বিজ্ঞানপাঠ কোন অভিনব ব্যাপার নয়। ইসলামের গৌরবের যুগে মাদ্রাসাই ছিল বিজ্ঞান শিক্ষার সেরা কেন্দ্র। মাদ্রাসায় শিক্ষা নিয়েই মুসলিম বিজ্ঞানীরা আধুনিক বিজ্ঞান চর্চার ভিত্তি স্থাপন করেন। পঞ্চদশ শতকেও সমরখন্দে অবস্থিত উলুগ বেগের মাদ্রাসায় অপরাপর বিদ্যার সমান গুরুত্বে বিজ্ঞান শিক্ষা দেয়া হত। দিগ্বিজয়ী তৈমুর লঙের নাতি এবং সমরখন্দের তৎকালীন সুলতান উলুগ বেগ নিজেই তার মাদ্রাসায় বিজ্ঞান শিক্ষা দিতেন।

মুসলিম সমাজের অবনতির ফলে মাদ্রাসা শিক্ষার পাঠ্যসূচী কেবলমাত্র ধর্ম সংক্রান্ত বিষয়ে সঙ্কুচিত হয়ে পড়ে। শিক্ষার প্রশ্নে ইসলামের তাগিদকে নেহাত ধর্মশিক্ষা সংক্রান্ত বলে ব্যাখ্যা করা শুরু হয়। এ প্রসঙ্গে স্মরণীয় যে, আমাদের প্রিয় নবী (সাঃ) শিক্ষার জন্যে প্রয়োজনে সুদূর চীনে যাওয়ারও তাগিদ দিয়ে গেছেন।

সমকালীন বিশ্বের এক বড় সত্য প্রতিযোগিতা। তীব্র প্রতিযোগিতায় টিকে থাকার সামর্থ্যের উপরই নির্ভর করছে অস্তিত্বের প্রশ্ন। উন্নত বিজ্ঞান আর নয়া প্রযুক্তির এ যুগে বিজ্ঞান শিক্ষা বাদ দিয়ে প্রতিযোগিতার সামর্থ্য অর্জন আশা করা যায় না। সীমিত সামর্থ্যের এ দেশকে উন্নতির পথে নিয়ে যেতে হলে গোটা জাতিকে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তিমনস্ক করে তুলতে হবে। তরুণদের একটি বড় অংশ এবং যে অংশ অচিরেই সাধারণ মানুষের চিন্তা-চেতনাকে প্রভাবিত করবে, বিজ্ঞান থেকে দূরে সরিয়ে রেখে যথার্থ অর্থে শিক্ষিত জাতি এবং বিজ্ঞান ও প্রযুক্তি দক্ষ সমাজ গঠন অকল্পনীয়।

মাদ্রাসার পাঠসূচীতে বিজ্ঞানের অন্তর্ভুক্তি তাই সব বিবেচনায়ই একটি তাৎপর্যপূর্ণ বিষয়। তবে, এ ব্যাপারে আরো কিছু করণীয় আছে। মাদ্রাসার শিক্ষাসূচীতে ভাষা ও প্রয়োজনীয় সাধারণ শিক্ষার মান উন্নীত না হলে অর্থবহ মাত্রায় বিজ্ঞান শিক্ষা সম্ভব হওয়ার নয়। মাতৃভাষা দীর্ঘদিন ধরে মাদ্রাসা শিক্ষার পাঠসূচীর অন্তর্ভুক্ত থাকলেও বিষয়টি বেশ অবহেলিত। এই অবহেলার ফলে ধর্মবিষয়ক শিক্ষাও অনেক ক্ষেত্রেই অবহেলিত থাকছে। অর্থবহ বিজ্ঞান শিক্ষার প্রবর্তন ঘটাতে হলে এ দিকটির প্রতিও নজর দেয়া দরকার।